# Times Today BD

এসকে সোহেল | রাজনীতি | 12 July, 2025

২৪ এর অভ্যুত্থানে যে আকাঙ্ক্ষা নিয়ে আমরা রাজপথে নেমেছিলাম, সেই আকাঙ্ক্ষা এখনো পূরণ হয়নি।তাই রাজপথ ছাড়ার সময় এখনো হয়নি' বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম।

দেশ গড়তে জুলাই পদযাত্রা কর্মসূচির ১২ তম দিনে শনিবার(১২ জুলাই )বিকেলে বাগেরহাটের রামপাল উপজেলার ফয়লা বাজারে আয়োজিত পথসভায় এ কথা বলেন তিনি।

সারজিস আলম বলেন, চাঁদাবাজদের উৎপাত এখনো কমে নাই, খুন খারাপি শুরু হয়েছে। পাথর দিয়ে থেতলে মারার মত আইয়াম এ জাহেলিয়াত শুরু হয়েছে।সন্ত্রাসী কার্যক্রম বেড়েছে।আমরা স্পষ্ট করে আপনাদেরকে বলি, আমাদের লড়াই অব্যাহত আছে।এবং এ লড়াই আমাদের চালিয়ে যেতে হবে।

পালিয়ে থাকা নেতারা রামপালে এসে ঘের দখলের রাজনীতি করছে- আকতার হোসেন

এনসিপির সদস্য সচিব শেখ আখতার হোসেন বলেছেন, বাংলাদেশ থেকে হাসিনা পালিয়েছে কিন্তু তার সিস্টেম রয়ে গেছে।চাঁদার জন্য ঢাকায় একজনকে পাথর দিয়ে হত্যা করা হয়েছে।রামপালে এখম ঘের দখল চলে।কোথাকার কোন পালিয়ে থাকা নেতারা ঘেরের দখল নিতে চায়।

বাংলাদেশে যদি কেউ ঘের দখল, চাঁদাবাজি, ছিনতাই, কমিশন এর রাজনীতি করতে চায় বাংলাদেশের মানুষ যেভাবে হাসিনাকে বিদায় করেছে সেভাবে তাদেরও বিদায় করবে।রামপালে কয়লা বিদ্যুৎ এর নামে মানুষদের জলবায়ু সংকটে ফেলা হয়েছে।মোংলা বন্দর নিয়ে আন্তর্জাতিক ষড়যন্ত্র চলছে।সামনের বাংলাদেশ এ যেনো কোনো গুম-খুন না হয় সে জন্য সব ক্ষেত্রে সংস্কার দরকার।একটি দল মনে করে শুধু নির্বাচন হলেই সব সংস্কার হয়ে যাবে।হাসিনাও তাই মনে করত।প্রতিষ্ঠান গুলোতে সংস্কার করা না হয়, পুলিশ কে যদি নিরপেক্ষ না করা যায় শুধুমাত্র নির্বাচন দিয়ে গনতন্ত্র সম্ভব নয়।সংস্কার করে তারপরেই নির্বাচন দিতে হবে।

রামপালের এই কর্মসূচি শেষে বাগেরহাটের হযরত খানজাহান (রাহ.) এর মাজার জিয়ারত করবেন এনসিপির কেন্দ্রীয় নেতৃবৃন্দ।সেখানে শহীদ পরিবারের সদস্যদের সঙ্গেও কথা বলবেন তারা। পরে বাগেরহাটে দলীয় কার্যালয়ে উদ্বোধন শেষে শহরের রেলরোড এলাকায় আয়োজিত সমাবেশে যোগ দেবেন তারা।

এনসিপি জুলাই পদযাত্রা কর্মসূচি সারজিস আলম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:08

URL: https://timestodaybd.com/public/politics/4640775807